**75. কোন একটি ফেরিতে চালক ও সুপারভাইজারসহ প্রতি গাড়িতে ১৩৫০ টাকা টোল ধার্য করা হলো এবং যাত্রী প্রতি অতিরিক্ত ১৫০ টাকা টোল ধার্য করা হলো। এমতাবস্থায় কোন যাত্রীসহ গাড়ির জন্য যদি ৩০০০ টাকা টোল ধার্য করা হয় তবে গাড়িটিতে মোট কতজন মানুষ ছিল?**

A. ১০ জন B. ১১ জন
C. ২০ জন D. ১৩ জন

**Ans D** বিশ্লেষণ ফেরি চালক + সুপার ভাইজার সহ টোল ধার্য্য হলো= ১৩৫০ টাকা।

যাত্রীসহ গাড়ীর টোল = ৩০০০ টাকা।

যাত্রী প্রতি টোল = ১৫০ টাকা।

মোট যাত্রীর টোল 3000 + 1350 = 1650

∴ যাত্রী সংখ্যা 1650 ÷ 150 = 11 জন।

∴ মোট মানুষের সংখ্যা = যাত্রী + চালক + সুপারভাইজার

= 11 + 1 + 1 = 13 জন

## গণিত

**76.** $(\sqrt{3})^{x+1} = \left(\sqrt[3]{3}\right)^{2x-1}$ **হলে, x এর মান কত?**

A. 1 B. 2
C. 4 D. 5

**Ans D** বিশ্লেষণ $(\sqrt{3})^{x+1} = \left(\sqrt[3]{3}\right)^{2x-1}$

$\Rightarrow (3)^{\frac{1}{2}x+\frac{1}{2}} = (3)^{\frac{2}{3}x+\frac{1}{3}}$

$\Rightarrow \frac{x}{2} + \frac{1}{2} = \frac{2}{3}x - \frac{1}{3}$

$\Rightarrow 3x + 3 = 4x - 2$ [6 দ্বারা গুণ করে] $\therefore x = 5$

**77.** $x - \frac{1}{x} = 4$ **হলে** $x^4 + \frac{1}{x^4} =$ **কত?**

A. ১৬ B. ৬৪
C. ২৩৬ D. ৩২২ **Ans D**

**78. ১০% হার মুনাফায় ২০০ টাকার ৩ বছরের চক্রবৃদ্ধি মুনাফা ৬৬ টাকা হলে-**

i. সরল মুনাফা ৬০ টাকা
ii. চক্রবৃদ্ধি মুনাফায় সমৃদ্ধিমূলধন ২৬৬.২ টাকা
iii. চক্রবৃদ্ধি মুনাফা ও সরল মুনাফার পার্থক্য ৬.২ টাকা।
নিচের কোনটি সঠিক?

A. i, ii B. i, iii
C. ii, iii D. i, ii, iii

**Ans D** বিশ্লেষণ (i) ১০০ টাকায় ১ বছরের মুনাফা ১০ টাকা

$\therefore$ ১ টাকায় ১ বছরের মুনাফা $\frac{১০}{১০০}$ টাকা

$\therefore$ ২০০ টাকায় ৩ বছরের মুনাফা $\frac{১০ \times ২০০ \times ৩}{১০০}$ টাকা = ৬০ টাকা।

(ii) চক্রবৃদ্ধি মূলধন $C = P(1 + r)^n = ২০০\left(১ + \frac{১০}{১০০}\right)^৩ = ২৬৬.২$

(iii) চক্রবৃদ্ধি মুনাফা = ২৬৬.২ − ২০০ = ৬৬.২

পার্থক্য = (৬৬.২ − ৬০) = ৬.২

**79. একটি ত্রিভুজের পরিসীমা ৩২ সেমি. ও বাহুগুলোর দৈর্ঘ্যের অনুপাত ৪ ঃ ৫ ঃ ৭। বড় বাহুর দৈর্ঘ্য কত?**

A. ৬ সেমি. B. ১০ সেমি.
C. ১৪ সেমি. D. ১৬ সেমি.

**Ans C** বিশ্লেষণ ধরি, ত্রিভুজের বাহুত্রয় ৪ক, ৫ক, ৭ক
শর্তমতে, ৪ক + ৫ক + ৭ক = ৩২
$\Rightarrow$ ১৬ক = ৩২, $\therefore$ কত = ২
$\therefore$ বড় বাহু ৭ক = ৭ × ২ = ১৪


**80. ১২৬ মিটার লম্বা একটি খুঁটি ভেঙে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে ৩০° কোণ উৎপন্ন করলে খুঁটির ভাঙা অংশের দৈর্ঘ্য কত?**

A. ৪২ B. ৮৪
C. ৯৪ D. ৫২

**Ans B** বিশ্লেষণ ধরি, খুটির খাড়া অংশ x ; ভাঙ্গা অংশ ১২৬ − x

শর্তমতে, $\sin 30° = \frac{x}{১২৬ - x}$

$\Rightarrow \frac{১}{২} = \frac{x}{১২৬ - x} \Rightarrow ১২৬ - x = 2x$




$\therefore$ x = ৮২ $\therefore$ ভাঙ্গা অংশ = (১২৬ − ৮২) = ৮৪

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
### ভর্তি পরীক্ষা-2022-2023
**C-ইউনিট সেট-H**

**নির্দেশাবলি**

১। প্রশ্নপত্রে ৮০টি প্রশ্ন আছে। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি ভুল উত্তরপত্রের জন্য ০.২০ নম্বর কাটা যাবে।
২। পরীক্ষা শেষে উত্তরপত্র (OMR) এর সাথে প্রশ্নপত্র অবশ্যই পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

**উত্তরপত্রের নির্দেশিত স্থানে নিচের বাক্য দুটি লেখ।**
(ক) সবার সাথে তাল মিলিয়ে যে কথা বলে সে ব্যক্তিত্বহীন।
(খ) If you tell the truth, you don't have to remember anything.

## বাংলা

**01. মৃত্যুঞ্জয়ের মৃত্যুর পর বিলাসী কত দিন বেঁচে ছিল?**

A. সপ্তাখানেক B. মাসখানেক C. ৩ দিন D. ১৫ দিন

**Ans A** বিশ্লেষণ ‘বিলাসী’ গল্পে মৃত্যুঞ্জয় সাপের কামড় খেয়ে মারা যায়। তার স্ত্রী বিলাসী তার এই মৃত্যুশোক সইতে না পেরে এক সপ্তাহের মধ্যে আত্মহত্যা করে।

**02. ‘বিদ্রোহী’ কবিতায় কবি নিজেকে কার বাঁশরী বলেছেন?**

A. ইস্রাফিলের B. অর্ফিয়াসের C. শ্যামের D. শুদ্ধ B ও C

**Ans C** বিশ্লেষণ ‘বিদ্রোহী’ কবিতায় কবি নিজেকে শ্যামের বাঁশরী বলেছেন। এখানে শ্যাম বলতে শ্রীকৃষ্ণকে বোঝানো হয়েছে।

**03. মকর মুখো বালা কী?**

A. ময়ূরের পেখমমেলা হাতে পরিধেয় অলঙ্কারবিশেষ।
B. সাপের মুখের আকৃতির হাতে পরিধেয় অলঙ্কারবিশেষ।
C. মাছের মুখের আকৃতির হাতে পরিধেয় অলঙ্কারবিশেষ।
D. উপরের একটিও নয়।

**Ans C** বিশ্লেষণ মকর মুখো বালা বলতে মূলত বোঝানো হয়েছে মাছের মুখের আকৃতির হাতে পরিধেয় অলঙ্কারবিশেষ।

**04. মধুসূদন দত্ত ‘সৌমিত্রী’ বলতে কাকে বুঝিয়েছেন?**

A. রামের স্ত্রী সীতাকে B. লক্ষ্মণের স্ত্রী সুমিত্রাকে
C. রামের অনুজ লক্ষ্মণকে D. উপরের সবগুলোই অশুদ্ধ

**Ans B** বিশ্লেষণ কবি মাইকেল মধুসূদন দত্ত সৌমিত্রী বলতে সুমিত্রার গর্ভজাত সন্তান লক্ষ্মণকে বুঝিয়েছেন।

**05. কোনটি রোকেয়া সাখাওয়াত হোসেনের গ্রন্থ?**

A. মতিহার B. পদ্মচুর C. মতিচুর D. পদ্মহার

**Ans C** বিশ্লেষণ বেগম রোকেয়া তার নারীবাদী চিন্তার প্রকাশ ঘটিয়েছেন মতিচূর প্রবন্ধের মাধ্যমে, তার উল্লেখযোগ্য রচনা: পদ্মরাগ, সুলতানার স্বপ্ন, অবরোধবাসিনী, পদ্মরাগ ইত্যাদি।

**06. নিচের কোন কবিতাংশটি শুদ্ধ?**

A. এতকাল নদীতীরে/যাহা লয়ে ছিনু ভুলে।
B. আমি বঞ্চিত ব্যথা পরবাসী চির গৃহহারা যত পথিকের।
C. শুদ্ধ A ও B
D. মাধবী কুঁড়ির বুকে গন্ধ নাহি? করে নাই অর্ঘ্য বিরচন।

**Ans D** বিশ্লেষণ মাধবী কুঁড়ির বুঝে গন্ধ নাহি? করে নাই অর্ঘ্য বিরচন? “হোক তবু বসন্তের প্রতি কেন এই তব তীব্র বিমুখতা?”

**07. নিচের কোন বাক্যে ক্রিয়া উহ্য রয়েছে?**

A. ওখানে কে রে? B. পেছনে তাকিয়ে কী দেখ?
C. উত্তাল সমুদ্রে নৌকাটি ভাসছে। D. তার ডাক শুনে কেউ এলো না।

**Ans A** বিশ্লেষণ যে বাক্যে ক্রিয়াপদ উহ্য থাকে তাকে অনুক্ত ক্রিয়া বলে। যেমন: ওখানে কে রে?

**08. কোনটি শুদ্ধ?**
A. ষ্ + ঞ = ষ্ণ B. ষ্ + ণ = ষ্ণ
C. ঞ + ষ = ষ্ণ D. ঞ + চ = ষ্ণ
**Ans B বিশ্লেষণ** প্রদত্ত শব্দগুলোর মাঝে সঠিক হলো – ষ + ণ = ষ্ণ।

**09. নিচের কোনটি দিগু সমাসে?**
A. দোতলা B. আকৈশোর C. ভরসন্ধ্যা D. বনেবাদাড়ে
**Ans A বিশ্লেষণ** **কয়েকটি গুরুত্বপূর্ণ দ্বিগু সমাস:**
- তিন কালের সমাহার = ত্রিকাল।
- তিন মাথার সমাহার = তেমাথা।
- শত অব্দের সমাহার = শতাব্দী।

**10. নিচের কোন সমার্থক শব্দ শুদ্ধ?**
A. অদ্রি – অসুর B. অদ্রি – পর্বত
C. অদ্রি – সমুদ্র D. অদ্রি – জাহাজ
**Ans B বিশ্লেষণ** প্রদত্ত শব্দগুলোর মাঝে সমার্থক শব্দ হলো –অদ্রি – পর্বত।

**11. ‘তুমি কি কেবলই ছবি?’ – এই বাক্যে ‘কি’ কোন পদ?**
A. অব্যয় B. বিশেষ্য C. সর্বনাম D. ক্রিয়াবিশেষণ
**Ans A বিশ্লেষণ** ‘তুমি কি কেবলই ছবি?’ এই বাক্যে ‘কি’ অব্যয় হিসেবে ব্যবহৃত হয়েছে।

**12. শুদ্ধ বানান কোনটি?**
A. অনাকাঙ্ক্ষিত B. নিরবিচ্ছিন্ন C. কৈশর D. পিচাশ
**Ans A বিশ্লেষণ** প্রদত্ত শব্দগুলোর মাঝে শুদ্ধ শব্দ হলো – অনাকাঙ্ক্ষিত।

**13. Song Offerings গ্রন্থের জন্য নোবেল পুরস্কার পান কে?**
A. রবীন্দ্রনাথ ঠাকুর B. জন মিল্টন
C. চিনুয়া আচেবে D. জন ডান
**Ans A বিশ্লেষণ** বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের গীতাঞ্জলি যার ইংরেজি Song Offerings গ্রন্থটির জন্য রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার লাভ করেন।

**14. কোন বাক্য সংকোচনটি অশুদ্ধ?**
A. সহজে জানা যায় না যা – দুর্জ্ঞেয়
B. হাতির ডাক – মন্দ্র
C. যে গাছে ফুল ধরে কিন্তু ফল ধরে না – বনস্পতি
D. যে ভবিষ্যৎ না ভেবে কাজ করে – অবিমৃষ্যকারী
**Ans B বিশ্লেষণ** একাধিক পদ বা উপবাক্যকে একটি শব্দে প্রকাশ করা হলে, তাকে বাক্য সংক্ষেপণ বলে। বাক্য সংকোচন অর্থাৎ একটি মাত্র শব্দে বাক্যের ভাব প্রকাশ করা।

**15. ‘কবিকঙ্কণ’ বলা হয় কাকে?**
A. মুকুন্দরাম চক্রবর্তীকে B. কাহ্নপাকে
C. বিদ্যাপতিকে D. ঈশ্বরচন্দ্র গুপ্তকে
**Ans A বিশ্লেষণ** মুকুন্দরাম চক্রবর্তী তার চণ্ডীমঙ্গল কাব্যের নামকরণ করেন অভয়ামঙ্গল ও অম্বিকামঙ্গল। গণজীবনের করুণ চিত্র তার এ বাক্যে তুলে ধরেন। কবির প্রতিভার স্বীকৃতিস্বরূপ রাজা রঘুনাথ তাকে কবিকঙ্কণ উপাধি প্রদান করেন। তার পূর্ণনাম হচ্ছে কবি কঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তী।

## ইংরেজি

**16. The students accompanied by their teacher, ___ visiting the place.**
A. is B. are C. were D. will
**Ans B Analysis** Subject-verb agreement এর নিয়মানুযায়ী as well as, accompanied by/with, together with, along with, and not এগুলোর ক্ষেত্রে পূর্ববর্তী sub অনুযায়ী verb হবে। যেহেতু পূর্ববর্তী sub (the students) plural এ আছে তাই verb হবে plural। সঠিক উত্তর are।

**17. A stitch in ___ saves nine.**
A. time B. times C. timely D. timing
**Ans A Analysis** A stitch in time saves nine এটি একটি প্রবাদ। এটির বাংলা অর্থ- সময়ের এক ফোড়, অসময়ের দশ ফোড়।

**18. She is not accustomed to ___ like this.**
A. be treated B. treat C. treated D. being treated
**Ans D Analysis** Accustomed to, look forward to, with a view to, got used to, be used to এগুলোর পরে v + ing হয়। সুতরাং being treated সঠিক উত্তর।

**19. A synonym of the word 'industrious' is ___.**
A. fatigued B. lazy
C. hard-working D. working hard
**Ans C Analysis** Industrious অর্থ পরিশ্রমী, যার সমার্থক Hard working অর্থাৎ কঠোর পরিশ্রম। Fatigued- ক্লান্ত, Lazy- অলস।

**20. An antonym of the word 'attentive' is __.**
A. attention B. attentively C. inattentive D. inattentively
**Ans C Analysis** Attentive অর্থ মনোযোগী, যার বিপরীত Inattentive (অমনোযোগী), Attention- মনোযোগ, Attentively- মনোযোগ সহকারে, Inattentively- অমনোযোগ সহকারে।

**21. The jug contains __ cow milk.**
A. few B. a little C. a few D. many
**Ans B Analysis** Milk হলো uncountable noun, uncountable noun এর পূর্বে a little বসে। অন্যদিকে few, a few, many এগুলো countable noun এর পূর্বে বসে।

**22. The adjective of the word 'repair' is ___.**
A. repairable B. repairer C. repairing D. repairman
**Ans A Analysis** Repair হলো verb। Repair এর Adjective form হচ্ছে repairable।

**23. Please don’t mind __ the dish.**
A. to prepare B. prepare C. prepared D. preparing
**Ans D Analysis** Right form of verb এর নিয়মানুযায়ী mind এর পরবর্তী verb এর সাথে ing যুক্ত হয়। সুতরাং সঠিক উত্তর Repairing।

**24. The boy regularly attends classes, ___?**
A. does he B. doesn’t he C. does he not D. does not he
**Ans B Analysis** Affirmative sentence এর tag করতে হয় Negative এবং Negative sentence এর tag করতে হয় positive। Present indefinite tense এ $3^{rd}$ person এর ক্ষেত্রে does ব্যবহার করতে হয়।

**25. Choose the correct sentence:**
A. We had hardly reached the lake when it had started raining.
B. We had hardly reached the lake then it started raining.
C. We had hardly reached the lake when it started raining.
D. We had hardly reached the lake after it started raining.
**Ans C Analysis** বাক্যে Hardly থাকলে, সেই বাক্যে conjunction হিসেবে when বসে। অর্থাৎ, Had + Hardly + $V_3$ + Ext. + When + Sub + $V_2$ + Ext.

**26. The person ___ you saw here last evening is my cousin.**
A. whom B. which C. what D. whose
**Ans A Analysis** ব্যক্তিকে নির্দেশ করতে who/whom বসে। Who এর পর সাধারণত verb বসে এবং whom এর পর subject বসে। যেহেতু পরবর্তীতে subject আছে তাই whom হবে।

**27. The passive form of the sentence 'Let us arrange a picnic' is __.**
A. Let a picnic arranged by us. B. Let a picnic arrange by us.
C. let a picnic be arranged by us. D. Let a picnic to be arranged by us.
**Ans C Analysis** Imperative sentence এর voice পরিবর্তনের সূত্র: Let + obj + be + v3 + by + obj.

**28. He had scarcely shaken our hands ___ the phone rang.**
A. before B. after C. than D. when
**Ans C Analysis** Scarcely যুক্ত বাক্যের conjunction হিসেবে than বসে। Scarcely যুক্ত বাক্যটি past perfect tense এ থাকে এবং অপর clause টি past indefinite tense এ হবে। Conjunction হিসেবে than বসে।

**29. George Bernard Shaw is an ___ playwright.**
A. Irish B. English
C. American D. Australian

**Ans A Analysis** George Bernard Shaw হলো একজন Irish Playwright।

**30. Sons and Lovers by D. H. Lawrence is ___.**
A. a poem B. a play
C. a novel D. an elegy

**Ans C Analysis** DH. Lawrence এর লেখা sons and lovers হলো একটি novel।

## ইতিহাস

**31. ফরিদপুর জেলা প্রাচীনকালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?**
A. বঙ্গ B. পুণ্ড্র
C. সমতট D. হরিকেল

**Ans A বিশ্লেষণ** ফরিদপুর, বাকেরগঞ্জ ও পটুয়াখালী তথা বৃহত্তর বরিশাল প্রাচীন বঙ্গ জনপদের অন্তর্ভুক্ত ছিল।

**বিভিন্ন জনপদ, জনপদের বর্তমান অঞ্চল ও অন্যান্য তথ্যাবলিঃ**

| জনপদ | বর্তমান অঞ্চল ও অন্যান্য তথ্য |
|---|---|
| পুণ্ড্র | • বৃহত্তর বগুড়া, দিনাজপুর, রংপুর, রাজশাহী (গঙ্গা-ভাগীরথী হতে করতোয়া পর্যন্ত)।<br>• বাংলার সবচেয়ে প্রাচীনতম জনপদ যার রাজধানী ছিল– পুণ্ড্রনগর।<br>• অর্থনৈতিক ভাবে এ জনপদটি ছিল সমৃদ্ধ।<br>• সম্রাট অশোকের সময়ের শিলালিপি এ জনপদে পাওয়া যায়। |
| গৌড় | • আধুনিক মালদহ, মুর্শিদাবাদ, বর্ধমানের কিছু অংশ এবং চাঁপাইনবাবগঞ্জ।<br>• পাণিনির গ্রন্থের এ জনপদের ধারণা পাওয়া যায়। এর রাজধানী কর্ণসুবর্ণ মুর্শিদাবাদ। |
| হরিকেল | • সিলেট, চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম (বাংলার পূর্বাঞ্চল)।<br>• চীনা পরিব্রাজক হিওয়েন সাঙ ৭ম শতকে এ জনপদ ভ্রমণ করেন। |
| তাম্রলিপি | • এটি একটি প্রাচীন সমুদ্রবন্দর। |

**32. বক্সারের যুদ্ধে পরাজিত হয়েছিল কোন শাসক?**
A. মীর কাশিম B. মীর জাফর
C. লর্ড ক্লাইভ D. ইসলাম খান

**Ans A বিশ্লেষণ** বক্সারের যুদ্ধে ১৭৬৪ সালে ইংরেজদের কাছে মীর কাশিম পরাজিত হন। দুর্বল সামরিক অবস্থান ও অর্থনৈতিক অসচ্ছলতা তাঁর পরাজয়ের প্রধান কারণ ছিল। ১৭৭৭ সালে তিনি মৃত্যুবরণ করেন।

**33. ২০১২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় কার ছাত্রত্ব ফিরিয়ে দিয়েছিল?**
A. শেখ মুজিবুর রহমান B. তাজউদ্দীন আহমদ
C. সৈয়দ নজরুল ইসলাম D. তোফায়েল আহমেদ

**Ans A বিশ্লেষণ** শেখ মুজিবুর রহমানকে ২০১২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রত্ব ফিরিয়ে দেয়। তিনি ১৯৪৮ সালে এ বিশ্ববিদ্যালয়ে আইন বিভাগে ভর্তি হয়েছিলেন। চতুর্থ শ্রেণির কর্মীদের দাবি আদায় আন্দোলনে একাত্মতা প্রকাশ করায় ১৯৪৯ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাকে বহিস্কৃত করে।

**34. বাংলাদেশকে মার্কিন যুক্তরাষ্ট্র কত সালে স্বীকৃতি দিয়েছিল?**
A. ১৯৭২ সালে B. ১৯৭৩ সালে
C. ১৯৭৪ সালে D. ১৯৭৫ সালে

**Ans A বিশ্লেষণ** ১৯৭২ সালের ৪ এপ্রিল মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে।

**বাংলাদেশকে স্বীকৃতি প্রদানকারী গুরুত্বপূর্ণ দেশসমূহঃ**

| দেশের নাম | সময়কাল |
|---|---|
| পূর্ব জার্মানি | ১১ জানুয়ারি, ১৯৭২ |
| পোল্যান্ড ও বুলগেরিয়া | ১২ জানুয়ারি, ১৯৭২ |
| সোভিয়েত ইউনিয়ন (বর্তমানে রাশিয়া) | ২৪ জানুয়ারি, ১৯৭২ |
| জাপান | ১০ ফেব্রুয়ারি, ১৯৭২ |
| ফ্রান্স | ১৪ ফেব্রুয়ারি, ১৯৭২ |

**35. দিল্লি সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা কে ছিলেন?**
A. শামসুদ্দিন ইলতুতমিশ B. বখতিয়ার খলজি
C. মুহম্মদ বিন তুঘলক D. আলাউদ্দীন খলজি

**Ans A বিশ্লেষণ** শামসুদ্দিন ইলতুতমিশকে দিল্লি সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয়। তার উপাধি ছিল "সুলতান-ই-আযম"। তিনি কুতুব মিনারের কাজ সম্পন্ন করে গেছেন।

**36. ষাট গম্বুজ মসজিদ কে নির্মাণ করেন?**
A. খান জাহান আলী B. ইলতুতমিশ
C. বখতিয়ার খলজি D. মুহম্মদ বিন তুঘলক

**Ans A বিশ্লেষণ** খান জাহান আলী ১৫ শতাব্দীতে ষাট গম্বুজ মসজিদ নির্মাণ করেন। এটি বাংলাদেশের খুলনা বিভাগের বাগেরহাট জেলায় অবস্থিত ইউনেস্কো কর্তৃক ঘোষিত একটি বিশ্ব ঐতিহ্যবাহী স্থান।

**37. সম্রাট আওরঙ্গজেবের পরবর্তী মোঘল সম্রাট কে ছিলেন?**
A. দ্বিতীয় বাহাদুর শাহ B. নুসরত শাহ
C. ইব্রাহিম লোদী D. শামসুদ্দিন ইলতুতমিশ

**Ans A বিশ্লেষণ** দ্বিতীয় বাহাদুর শাহই আওরঙ্গজেবের পরবর্তী মুঘল সম্রাট ছিলেন। শামসুদ্দিন ইলতুতমিশ ছিলেন দিল্লির সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা। নুসরাত শাহ্ ও ইব্রাহিম লোদী মুঘল সম্রাট ছিলেন না।

**38. বাংলার প্রথম সুবেদার কে ছিলেন?**
A. ইসলাম খান B. নাদির শাহ
C. শেরশাহ D. ইলতুতমিশ

**Ans A বিশ্লেষণ** বাংলার প্রথম সুবেদার ছিলেন ইসলাম খান। তিনি ১৬১০ সালে ঢাকাকে স্থাপন করে জাহাঙ্গীরনগর নামকরণ করেন। ধোলাই খালও খনন তার অন্যান্য সৃষ্টিকর্ম।

## দর্শন

**নিচের অনুচ্ছেদ অনুসারে প্রশ্ন 39 ও 40 এর উত্তর দাওঃ**

Philosophers often examine beliefs that most of us take for granted most of the time. Many of ours beliefs, when examined, turn out to have firm foundations, but some do not. The study of philosophy not only helps us to think clearly about our prejudices, but also helps to clarify precisely what we do believe. In the process it develops an ability to argue coherently on a wide range of issues – a useful transferable skill.

**39. উপরের অনুচ্ছেদে বোঝানো হয়েছে যে,**
A. দর্শন পাঠের মাধ্যমে আমরা আমাদের বিশ্বাসগুলোকে সুনির্দিষ্টভাবে স্পষ্ট করতে পারি।
B. দর্শন পরীক্ষামূলক শাস্ত্র।
C. দর্শন মূলত বিশ্বাসের বিষয়।
D. উপরের কোনোটিই নয়।

**Ans B বিশ্লেষণ** দর্শন মূলত পরীক্ষামূলক শাস্ত্র। যেখানে অধিবিদ্যা, জ্ঞানতত্ত্ব ও মূল্যবিদ্যার বিভিন্ন মানদন্ড আলোচিত হয়।

**40. উপরের অনুচ্ছেদে 'coherently' শব্দটি দ্বারা বোঝানো হয়েছে–**
A. একই সাথে B. গতানুগতিকভাবে
C. সুসঙ্গতভাবে D. অবিচলভাবে

**Ans C বিশ্লেষণ** সুসঙ্গতভাবে বোঝাতে coherently শব্দটি ব্যবহৃত হয়েছে।

**41. নিচের কোন বাক্যটি সঠিক ও অর্থপূর্ণ বাংলায় লেখা হয়েছে?**

A. সুফি-দরবেশদের উদারতা এবং হিন্দু সমাজের বর্নভেদ প্রথার তীব্রতা ইসলামের প্রসারকে যথেষ্ট বেগবান করেছিল।

B. সুফি-দরবেশদের উদারতা এবং হিন্দুসমাজের বর্ণভেদ প্রথার তীব্রতা ইসলামের প্রসারকে যথেষ্ট বেগবান করেছিল।

C. সুফি-দরবেশদের ঔদার্যতা এবং হিন্দুসমাজের বর্ণভেদ প্রথার তিব্রতা ইসলামের প্রসারকে যথেষ্ট বেগবান করেছিল।

D. সুফি-দরবেশগণদের উদাহরনতা এবং হিন্দু সমাজের বর্ণভেদ প্রথার তীব্রতা ইসলামের প্রসারকে যথেষ্ট বেগবান করেছিল।

**Ans D** বিশ্লেষণ সঠিক বানানরীতি অনুযায়ী অপশন D সঠিক উত্তর।

**42. নিচের কোন বাক্যটি সঠিক ইরেজিতে লেখা হয়েছে?**

A. Russell's view of human behavior was rooted in the empiricist tradition.

B. Russell's view of human behavior was rooted with the empiricit tradition.

C. Russell's view of human behavior were rooted on the empiricist tradition.

D. Russell's views of human behavior was rooted under the empiricist tradition.

**Ans D** বিশ্লেষণ অর্থ বিবেচনায় অপশন D যুক্তিসংগত। কেননা এখানে মানুষের মতাদর্শ ও চিন্তাধারা বুঝানো হয়েছে।

**43. কবে 'Global Vaccine Summit' অনুষ্ঠিত হয়?**

A. ১৮ মে, ১৯৮৭ B. ৪ জুন, ২০২০
C. ৪ জুন, ২০২২ D. ১৮ মে, ১৯৪৭

**Ans B** বিশ্লেষণ যুক্তরাজ্য সরকারের আয়োজনে ৪ জুন ২০২০ সালে ভার্চুয়াল গ্লোবাল ভ্যাকসিন সামিট অনুষ্ঠিত হয়। বাংলাদেশের পক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই সামিটে যোগ দেন। গ্লোবাল অ্যালায়েন্স ফর ভ্যাকসিন অ্যান্ড ইমিউনাইজেশন তহবিল সংগ্রহের অংশ হিসেবে সারা বিশ্ব একযোগে কাজ করার লক্ষ্যে এই সামিটের আয়োজন করে যুক্তরাজ্য সরকার। ২০২৫ সালের মধ্যে আরো ৩০০ মিলিয়ন শিশুর ভ্যাকসিন দান এবং আট মিলিয়ন শিশুর জীবন বাঁচাতে একযোগে কাজ করবে জিএভিআইগ্যাভি।

**44. BTRC-এর পূর্ণরূপ কোনটি?**

A. Bangladesh Telegraph Regulation Commission
B. Bangladesh Telecommunication Regulatory Commission
C. Bangladesh Telecommunication Regulation Commission
D. Bangladesh Telecommunication Regulatory Committee

**Ans B** বিশ্লেষণ BTRC এর পূর্ণরূপ Bangladesh Telecommunication Regulatory Commission।

**45. নিচের ক্রমে কোন সংখ্যাটি যৌক্তিকভাবে শূন্যস্থানে বসবে?**

**৫, ৬, ৯, ১৪, ২১, ?**

A. ২৮ B. ৩০
C. ৩২ D. ৩৩

**Ans B** বিশ্লেষণ প্যাটার্ন : ৫ ৬ ৯ ১৪ ২১ ৩০
ব্যবধান : ১ ২ ৪ ৬ ৮

**46. Ship : Harbor শব্দ-জোড়ার সদৃশ শব্দ-জোড়:**

A. Car : Garage B. Human : Heart
C. Examination : Teacher D. Sea : Port

**Ans A** বিশ্লেষণ জাহাজের সাথে জাহাজ রাখার স্থানের সম্পর্ক। তেমনি গাড়ি রাখার জন্য গ্যারেজের প্রয়োজন। তাই উত্তর A হবে।

## প্রত্নতত্ত্ব

❒ **নিচের অনুচ্ছেদটি পড় এবং 47-50 নম্বর প্রশ্নগুলোর উত্তর দাও:**

As a rule, trees produce growth rings each year formed by the cambium, or growth layer, laying between the wood and the bark. When the growing season starts, large cells are added to the wood. These cells develop thicker walls and become samller as the growing season progresses, by the end of the growth season, cell production has ceased altogether. This process occurs every growing year, and a distinct line is formed between the wood of the previous season, with its small cells, and the wood of the next, with its new, large cells. The thickness of the rings may vary according to the tree's age and annual climatic variations, thick rings are characteristic of good growth years. Weather variations within a circumscribed area tend to run in cycles. A decade of wet years may be followed by five dry decades. One season may break a forty-year rainfall record. These cycles of climate are reflected in patterns of thicker or thinner tree rings, which are repeated from tree to tree within a limited area. Dendrochronologists have invented sophisticated methods of correlating rings from different trees so they can build up long master sequences of rings from a number of trunks that may extend over many centuries.

**47. প্রাকৃতিক নিয়মে বৃক্ষ বৃদ্ধির বলয়–**

A. ক্যাম্বিয়াম বা বৃদ্ধি স্তর দ্বারা গঠিত হয় যা ঐ বৃক্ষের কাঠ এবং বাকলের মধ্যে জন্মে
B. বড় বড় কোষের বাকলে ক্যাম্বিয়াম দ্বারা গাছের কাঠ গঠিত হয়
C. বড় বৃক্ষে স্তর দ্বারা কাঠের ক্যাম্বিয়ামে গঠিত হয়
D. বৃক্ষের স্তর ক্যাম্বিয়াম বাকলের বৃদ্ধির সাথে কাঠে অবস্থান করে **Ans A**

**48. বৃক্ষ বলয়ের পুরুত্ব নির্ভর করে–**

A. বৃক্ষের বয়স ও বার্ষিক জলবায়ু পরিবর্তনের উপর।
B. বৃক্ষের স্তর ও বৃক্ষের প্রজাতির উপর।
C. মাটি ও বৃক্ষের শ্বসন প্রক্রিয়ার উপর।
D. বৃক্ষের স্তর ও বাকলের অবস্থানের উপর। **Ans A**

**49. মোটা বৃক্ষবলয়–**

A. বৃক্ষের ভালো বর্ধনের নির্দেশক B. জলবায়ু পরিবর্তনের নির্দেশক
C. নাতিশীতোষ্ণ জলবায়ুর নির্দেশক D. শুকনো জলবায়ুর নির্দেশক **Ans C**

**50. Dendrochronologist অর্থ–**

A. আবহাওয়াবিদ B. বৃক্ষবলয়বিদ
C. বৃক্ষবলয়-কালনিরূপণবিদ D. প্রত্নপরিবেশবিদ **Ans C**

**51. কর্ণফুলী নদীর উপনদী–**

A. সুরমা ও কুশিয়ারা B. করতোয়া ও তিস্তা
C. চেঙ্গী ও হালদা D. মহানন্দা ও পুনর্ভবা

**Ans C** বিশ্লেষণ বাংলাদেশের একমাত্র খরস্রোতা নদী কর্ণফুলী। এ নদীর উপনদীগুলো: হালদা, বোয়ালখালী, কাসালং, সাহনী ও চেঙ্গী।

**52. পানাম সিটি প্রত্নস্থানটি অবস্থিত–**

A. নরসিংদী জেলায় B. মুন্সিগঞ্জ জেলায়
C. নারায়ণগঞ্জ জেলায় D. দিনাজপুর জেলায়

**Ans C** বিশ্লেষণ পানাম নগর নারায়নগঞ্জ জেলার সোনারগাঁওয়ে অবস্থিত একটি ঐতিহ্যবাহী শহর। কবি হাফিজ এই নগরকে কেন্দ্র করে কবিতা লিখে গিয়াস উদ্দিন আযম শাহকে মুগ্ধ করেছিলেন।

**53. একটি ত্রিভুজের তিনটি কোণের পরিমাপ যথাক্রমে ৩০ ডিগ্রি, ৬০ ডিগি ও ৯০ ডিগ্রি হলে, ত্রিভুজটি–**

A. সমদ্বিবাহু B. সমকোণী
C. স্থূলকোণী D. সূক্ষ্মকোণী

**Ans B** বিশ্লেষণ সমকোণী ত্রিভূজ হলে যে কোনো একটি কোণের পরিমাণ ৯০° এবং অন্য দুটি কোণের পরিমাণ ৯০°। তাই সঠিক উত্তর B।

**54. মিশরীয় সভ্যতা গড়ে উঠেছিলো–**

A. দজলা ও ফোরাত নদীর মধ্যবর্তী অঞ্চলে
B. নীল নদের অববাহিকায়
C. সিন্ধু নদীর তীরে
D. জাম্বেজি নদীর অববাহিকায়

Ans B বিশ্লেষণ নীল নদের অববাহিকায় ৩১৫০ খ্রিষ্টপূর্বাব্দে মিশরীয় সভ্যতা গড়ে উঠেছিল। এই সভ্যতায় রাজাদের 'ফারাও' নামে অবহিত করা হয়।

## আন্তর্জাতিক সম্পর্ক

**55. মার্কিন যুক্তরাষ্ট্রের বর্তমান ভাইস প্রেসিডেন্ট-এর নাম কী?**

A. হিলারি ক্লিনটন B. মাইক পমপেও C. কমলা হ্যারিস D. ম্যারিক গার্লান্ড

Ans C বিশ্লেষণ মার্কিন যুক্তরাষ্ট্রের বর্তমান ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস।

**56. কোন রাষ্ট্রের সংবিধানের খসড়ায় 'Nature has rights'-এর কথা বলা হয়েছে?**

A. শ্রীলংকা B. চিলি C. ইসরাইল D. সৌদি আরব

Ans B বিশ্লেষণ চিলি তাদের সংবিধানের খসড়ায় Nature has rights এর কথা বলা হয়েছে।

**57. Pasukan Gerakan Am কোন রাষ্ট্রের সাথে সম্পর্কিত?**

A. মালয়েশিয়া B. ইরান C. ইসরাইল D. আফগানিস্তান

Ans A বিশ্লেষণ Pasukan Gerakan Am মালয়শিয়ার রয়েল পুলিশের হালকা পদাতিক বাহিনী। এটি ১৯৪৮ সালে মালয়েশিয়ায় জরুরি অবস্থা চলাকালীন সময়ে ব্রিটিশ সরকার দ্বারা প্রতিষ্ঠিত হয়েছিল।

**58. Egypt কে বলা হয়–**

A. Gift of the Nile B. Gift of the World
C. Gift of the Sun D. Gift of Sphinx

Ans A বিশ্লেষণ নীলনদের দান বলা হয় Egypt কে। কেননা Egypt নীলনদের নিম্ন অববাহিকায় অবস্থিত দেশ। নীলনদকে কেন্দ্র করে মিশরের সমগ্র অর্থনৈতিক কার্যকলাপ গড়ে উঠেছে বলে ঐতিহাসিক হেরোডোটাস আলোচ্য উক্তিটি করেন।

**59. কত সালে ভিয়েতনাম স্বাধীনতা ঘোষণা করে?**

A. ১৯৮৫ B. ১৯৮৯ C. ১৯৪২ D. ১৯৪৫

Ans D বিশ্লেষণ ১৯৪৫ সালের ২ সেপ্টেম্বর ভিয়েতনাম স্বাধীনতা অর্জন করে।

**60. ওমানের রাজধানী কোনটি?**

A. মাসকাট B. কান্দাহার C. তেহরান D. বাগদাদ

Ans A বিশ্লেষণ ওমানের রাজধানী মাসকট। ইরানের রাজধানী হচ্ছে তেহরান। ইরাকের রাজধানী বাগদাদ। আফগানিস্তানের একটি গুরুত্বপূর্ণ শহর হচ্ছে কান্দাহার।

**61. International Day of the World's Indigenous Peoples পালিত হয়–**

A. আগস্ট ২১ B. আগস্ট ৯
C. অক্টোবর ২৩ D. অক্টোবর ২৪

Ans B বিশ্লেষণ প্রতিবছর ৯ আগষ্ট International Day of the World's Indigenous Peoples পালিত হয়।

**62. Ain't I a woman speech কে উপস্থাপন করেছিলেন?**

A. মিনা রয় B. সারাহ ফার্গুসন
C. সজর্নের ট্রুথ D. লিনডা ক্রাইস্ট

Ans C বিশ্লেষণ সর্জনের ট্রুথ Ain't I a woman speech উপস্থাপন করেন।

## জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ

**63. বাংলাদেশ প্রেস কাউন্সিল কোন সালে সাংবাদিকদের জন্য আচরণবিধি প্রণয়ন করে?**

A. ১৯৯১ সালে B. ১৯৯৩ সালে C. ১৯৯৫ সালে D. ১৯৯৭ সালে

Ans B বিশ্লেষণ ১৯৯৩ সালে বাংলাদেশের সংবাদপত্র, সংবাদ সংস্থা এবং সাংবাদিকদের জন্য অনুসরণীয় আচরণবিধি প্রণয়ন করে বাংলাদেশ প্রেস কাউন্সিল। ২০০২ সালে এটিকে সংশোধন করা হয়।

**64. বিবিসি বাংলা সার্ভিসের কোন শাখাটি ২০২২ সালে বন্ধ হয়ে যায়?**

A. অনলাইন নিউজ পোর্টাল B. ডিজিটাল মিডিয়া
C. রেডিও D. টেলিভিশন

Ans C বিশ্লেষণ ২০২২ বাংলার ৩১ ডিসেম্বর প্রতিষ্ঠার ৮১ বছর পর 'পরিক্রমা' অনুষ্ঠান সম্প্রচারের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে বিবিসি বাংলার রেডিও সম্প্রচার বন্ধ হয়ে যায়।

**65. বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে সংবাদক্ষেত্রের স্বাধীনতার নিশ্চয়তা প্রদান করা হয়েছে?**

A. ৩৭ B. ৩৮ C. ৩৯(১) D. ৩৯(২)

Ans D বিশ্লেষণ বাংলাদেশ সংবিধানের ৩৯ (২) অনুচ্ছেদে সংবাদপত্রের স্বাধীনতার নিশ্চয়তা দেয়া হয়েছে।

**66. ২০২২ সালে মুক্তিপ্রাপ্ত 'পরাণ' চলচ্চিত্রের পরিচালক কে?**

A. শিহাব শাহীন B. রায়হান রাফি
C. মেজবাউর রহমান সুমন D. শাহজাহান সৌরভ

Ans B বিশ্লেষণ ২০২২ সালের মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্র পরান এর পরিচালক হলেন রায়হান রাফি। তার উল্লেখযোগ্য চলচ্চিত্রঃ সুরঙ্গ (২০২৩), পরান (২০২২), দামাল (২০২২), পোড়ামন-২ (২০১৮), দহন (২০১৮)।

**67. ইমপ্রেস টেলিফিল্ম লিমিটেড-এর ওটিটি প্ল্যাটফর্ম কোনটি?**

A. আই স্ক্রিন B. চ্যানেল আই প্লাস
C. বঙ্গ D. চরকি

Ans A বিশ্লেষণ ইমপ্রেস টেলিফিল্ম লিমিটেড এর ওটিটি প্ল্যাটফর্ম আই স্ক্রিন। অন্যদিকে চরকি ট্রান্সকম গ্রুপের মালিকানাধীন একটি ওটিটি প্ল্যাটফর্ম।

**68. তথ্য অধিকার আইন কোন সালে প্রণীত হয়?**

A. ২০০৭ সালে B. ২০০৮ সালে C. ২০০৯ সালে D. ২০১০ সালে

Ans C বিশ্লেষণ ৬ এপ্রিল ২০০৯ সালে তথ্য অধিকার আইন প্রণীত হয়। ২৯ মার্চ ২০০৯ সালে এই আইন জাতীয় সংসদে পাস হয়।

**69. বাংলাদেশের প্রথম বেসরকারি টেলিভিশন চ্যানেল কোনটি?**

A. একুশে টেলিভিশন B. চ্যানেল আই
C. এটিএন বাংলা D. এনটিভি

Ans C বিশ্লেষণ বাংলাদেশের প্রথম বেসরকারি টিভি চ্যানেল এটিএন বাংলা। ১৫ জুলাই ১৯৯৭ সালে অবিরাম বাংলার মুখ স্লোগান নিয়ে যাত্রা শুরু করে চ্যানেলটি।

**70. সম্প্রতি অস্ট্রিয়ার ৩২০ বছরের পুরনো কোন পত্রিকার ছাপা সংস্করণ বন্ধের ঘোষণা দেওয়া হয়েছে?**

A. উইনার জেইতুং B. ভিয়েনা টাইমস
C. ডাই প্রেস D. ডের স্ট্যান্ডার্ড

Ans A বিশ্লেষণ অস্ট্রিয়ার রাষ্ট্রীয় মালিকানাধীন ভিয়েনাভিত্তিক সংবাদপত্র উইনার জেইতুংয়ের প্রিন্ট সংস্করণ বন্ধ হয়েছে ২ জুলাই ২০২৩ সালে। এটি গত ৩২০ বছর ধরে প্রিন্ট সংস্করণে বের হতো।

## বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট

**71. 'এত ভঙ্গ বঙ্গদেশ তবু বঙ্গে ভরা' –কার উক্তি?**

A. মাইকেল মধুসূদন দত্ত B. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
C. রবীন্দ্রনাথ ঠাকুর D. ঈশ্বরচন্দ্র গুপ্ত

Ans D বিশ্লেষণ ঈশ্বরচন্দ্র গুপ্ত উক্তিটি করেছেন।

**72. বাঙালিরা মূলত যে জনগোষ্ঠী থেকে আগত–**

A. ককেশীয় B. মোঙ্গলীয় C. ভেড্ডিড D. হুন

Ans A বিশ্লেষণ বাঙ্গালিরা মূলত ককেশীয় জনগোষ্ঠী থেকে আগত।

**73. লাহোর প্রস্তাব উত্থাপিত হয়–**

A. ১৯৪২ সালে B. ১৯৪৬ সালে
C. ১৯৪৫ সালে D. ১৯৪৩ সালে

Ans × বিশ্লেষণ লাহোর প্রস্তাব বা পাকিস্তান প্রস্তাব, যাকে পাকিস্তানের স্বাধীনতার ঘোষণাও বলা হয়, তা হচ্ছে ভারতীয় উপমহাদেশে বসবাসকারী মুসলিমদের জন্য একটি পৃথক রাষ্ট্রের দাবি জানিয়ে উত্থাপিত প্রস্তাবনা।

১৯৪০ সালের ২৩ মার্চ লাহোরে অনুষ্ঠিত মুসলিম লীগের অধিবেশনে মুহাম্মদ আলী জিন্নাহ এর সভাপতিত্বে মুসলিম লীগের পক্ষ হতে ঐতিহাসিক লাহোর প্রস্তাবের প্রারম্ভিক খসড়া তৈরি করেন পাঞ্জাবের মুখ্যমন্ত্রী সিকান্দার হায়াত খান যা আলোচনা ও সংশোধনের জন্য নিখিল ভারত মুসলিম লীগের সাবজেক্ট কমিটি সমীপে পেশ করা হয়। এ প্রস্তাব তুলে ধরেন শেরে বাংলা একে ফজলুল হক।

**74. প্রাচীন বাংলায় পুণ্ড্রবর্ধন ছিল বর্তমানের–**

A. বগুড়া, দিনাজপুর, রাজশাহী
B. বর্ধমান, বীরভূম, পুরুলিয়া
C. কুমিল্লা, নোয়াখালি, চট্টগ্রাম
D. খুলনা, বাগেরহাট, বরিশাল

**Ans A** বিশ্লেষণ প্রাচীন বাংলায় পুণ্ড্রবর্ধন ছিল বর্তমানের বগুড়া, দিনাজপুর, রাজশাহী অঞ্চলে। পুণ্ড্র প্রাচীন বাংলার প্রাচীনতম জনপদ।

**75. নবাব সিরাজউদ্দৌলার রাজত্বকাল ছিল–**

A. ১ বছর B. ৬ মাস
C. ৪ মাস D. ৮ মাস

**Ans A** বিশ্লেষণ ১ বছর বা ১৪ মাস রাজত্ব করেছিলেন নবাব সিরাজউদ্দৌলা। মোহাম্মদী বেগ অর্থের লোভে অত্যন্ত নিষ্ঠুরভাবে পিটিয়ে ও ছুরিকাঘাতে ২ জুলাই ১৯৫৭ সালে মিরনের আহ্বানে নবাব সিরাজদ্দৌলাকে হত্যা করেন।

**76. আলেকজান্ডার ভারতবর্ষ আক্রমণ করেছিলেন–**

A. খ্রিষ্টপূর্ব ৪র্থ শতাব্দীতে
B. খ্রিষ্টপূর্ব ৫ম শতাব্দীতে
C. খ্রিষ্টপূর্ব ৬ষ্ঠ শতাব্দীতে
D. খ্রিষ্টপূর্ব ৩য় শতাব্দীতে

**Ans A** বিশ্লেষণ মেসিডোনিয়ার ৩য় আলেকজান্ডার সাধারণত মহান আলেকজান্ডার নামে পরিচিত। খ্রিষ্টপূর্ব ৩২৬ অব্দ বা চতুর্থ শতাব্দীতে আলেকজান্ডার ভারতবর্ষ আক্রমণ করেন। তাকে বাংলায় অলিকসন্দর নামেও অভিহিত করা হয়।

**77. প্রথম কোন স্বাধীনতাকামী একজন ভাইসরয়ের প্রাণনাশ করতে সক্ষম হন?**

A. শের আলি খান B. ভগৎ সিং
C. ক্ষুদিরাম বসু D. বিনয় বসু

**Ans A** বিশ্লেষণ ১৮৭২ সালের ৮ ফেব্রুয়ারি ভারতের ভাইসরয়ের লর্ড মেরোকে হত্যা করেছিলেন শের আলি খান। তাঁর পূর্ণনাম শের আলি খান বারাকজাই।

**78. অন্নদাশঙ্কর রায় একজন–**

A. ছড়াকার B. ঔপন্যাসিক
C. ছোটগল্পকার D. উপরের প্রত্যেকটিই

**Ans D** বিশ্লেষণ অন্নদাশঙ্কর রায় ছিলেন প্রাবন্ধিক, ঔপন্যাসিক, ছোটগল্পকার ও কবি। তিনি বঙ্গবন্ধুকে নিয়ে "জয় মুজিবুর রহমান" কবিতাটি রচনা করেন। কবিতার বিখ্যাত চরণ "যতদিন রবে পদ্মা মেঘনা গৌরি যমুনা বহমান/ততদিন রবে কীর্তি তোমার শেখ মুজিবুর রহমান"।

**79. মুক্তিযুদ্ধে সকল নৌপথ কোন সেক্টরের অধীনে ছিল?**

A. ৮ B. ৯
C. ১০ D. ১১

**Ans C** বিশ্লেষণ মুক্তিযুদ্ধের সময় নৌপথ ১০ নং সেক্টরের অধীনে ছিল। এই সেক্টরে নিয়মিত সেক্টর কমান্ডার ছিল না।

**80. মুক্তিযুদ্ধের পর পাকিস্তান কবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে মুক্তি দেয়?**

A. ৭ জানুয়ারি, ১৯৭২
B. ৮ জানুয়ারি, ১৯৭২
C. ৯ জানুয়ারি, ১৯৭২
D. ১০ জানুয়ারি, ১৯৭২

**Ans B** বিশ্লেষণ ১৯৭২ সালের ৮ জানুয়ারি বঙ্গবন্ধু পাকিস্তানের মিওয়ানআলী কারাগার থেকে মুক্তি পান। ১৯৭২ সালের ১০ জানুয়ারি বাংলাদেশে প্রত্যাবর্তন করেন। তাই এ দিনটি প্রতি বছর স্বদেশ প্রত্যাবর্তন দিবস হিসেবে পালিত হয়।

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা-2022-2023

**C1-ইউনিট সেট-A**

**নির্দেশাবলি**

১। প্রশ্নপত্রে ৮০টি প্রশ্ন আছে। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি ভুল উত্তরপত্রের জন্য ০.২০ নম্বর কাটা যাবে।
২। পরীক্ষা শেষে উত্তরপত্র (OMR) এর সাথে প্রশ্নপত্র অবশ্যই পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

**উত্তরপত্রের নির্দেশিত স্থানে নিচের বাক্য দুটি লেখ।**

(১) প্রকৃতির রঙে স্বর্গীয় স্পন্দন।
(২) Heaven blooms through the colorful nature.

## বাংলা

**01. 'স্বচ্ছসলিল' কোন সমাসের উদাহরণ?**

A. তৎপুরুষ B. বহুব্রীহি C. দ্বন্দ্ব D. দ্বিগু

**Ans B** বিশ্লেষণ যে সমাসে সমস্যমান পদগুলোর কোনটির অর্থ না বুঝিয়ে অন্য কোনো পদকে বোঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন: নীল কণ্ঠ যার = নীলকণ্ঠ, ঠোঁট কাটা যার = ঠোঁটকাটা, হাতে হাতে যে যুদ্ধ = হাতাহাতি।

**02. 'ভক্তি' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় লিখ।**

A. ভক্ + ক্তি B. ভজ্ + ক্তি C. ভচ্ + ক্তি D. ভজ + ক্তি

**Ans B** বিশ্লেষণ এক বা একাধিক ধ্বনি দিয়ে তৈরী শব্দকে প্রকৃতি বলে। প্রত্যয় হলো এই প্রকৃতির পর যুক্ত হওয়া কিছু অর্থহীন শব্দাংশ, যা নতুন শব্দ তৈরী করে, মূলত প্রকৃতির সাথে যুক্ত অর্থহীন শব্দাংশই প্রকৃতি-প্রত্যয়। ভক্তি শব্দটির প্রকৃতি ও প্রত্যয় হলো – ভজ্ + ক্তি।

**03. 'আচাভুয়ার বোম্বাচাক' এর অর্থ কি?**

A. মিথ্যার বাহার B. ভূয়া বোমের চাক C. অসম্ভব ব্যাপার D. মৌমাছির চাক

**Ans C** বিশ্লেষণ "আচাভুয়ার বোম্বাচাক" এর বাংলা ভাষায় অর্থ হয় অসম্ভব ব্যাপার। এটি একটি উপস্থাপনার উপকরণ যা ব্যবহৃত হয় ভাষায় ভুল অথবা অসম্ভব কিছু বলার সময়।

**04. কোনটি ঘোষ ধ্বনির উদাহরণ?**

A. য B. চ C. ঞ D. ঝ

**Ans D** বিশ্লেষণ যে বর্ণগুলো উচ্চারণ করতে ফুসফুস থেকে অপেক্ষাকৃত অধিক বাতাস প্রবাহিত হয় এবং উচ্চারণ নিনাদিত হয় তাদের ঘোষ বর্ণ বলে। প্রদত্ত বর্ণগুলোর মাঝে "ঝ" একটি ঘোষ ধ্বনি।

**05. সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত 'লালসালু' উপন্যাসের প্রধান দুই নারী চরিত্র-**

A. আমেনা, বিবি, জমিলা B. রহিমা, জমিলা
C. ফাতেমা, রহিমা D. আবছা, জমিলা

**Ans B** বিশ্লেষণ সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত 'লালসালু' উপন্যাসের প্রধান দুই নারী চরিত্র হলো – রহিমা ও জমিলা।

**06. নিচের কোন গ্রন্থসমূহ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত নয়?**

A. কপালকুণ্ডলা, বিষবৃক্ষ, রঙ্গমঞ্চ প্রবন্ধ
B. কৃষ্ণকান্তের উইল, রাজসিংহ, দুর্গেশনন্দিনী
C. দুর্গেশনন্দিনী, কপালকুণ্ডলা, বিচিত্র প্রবন্ধ
D. বিষবৃক্ষ, কমলাকান্তের দপ্তর, লোকরহস্য

**Ans C** বিশ্লেষণ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বাংলা সাহিত্যের এক খ্যাতিমান লেখক। তার লেখনির রসবোধ বরাবরই পাঠক সমাজকে আকৃষ্ট করে। তার উল্লেখযোগ্য রচনা হলো – কৃষ্ণকান্তের উইল, কপালকুণ্ডলা, বিষবৃক্ষ, দুর্গেশনন্দিনী ইত্যাদি।

**07. কোনটি সঠিক?**

A. উদ্ + ডীন = উড্ডীন B. দিব্ + লোক = দ্যুলোক
C. ভব + অন = ভবন D. পুন + আগত = পুনরাগত

**Ans B** বিশ্লেষণ সন্ধি শব্দের অর্থ মিলন। সন্নিহিত দুটি ধ্বনি মিলিয়ে একটি ধ্বনিতে পরিণত হওয়াকে বা পরস্পর সন্নিহিত দুই বর্ণের মিলনকে সন্ধি বলে। প্রদত্ত সন্ধি বিচ্ছেদের মাঝে সঠিক হলো – দিব্ + লোক = দ্যুলোক।

**08. বৈষ্ণব পদাবলীর আদি রচয়িতা কে ছিলেন?**
A. বৈষ্ণব কবি B. বড়ু চণ্ডীদাস
C. বিদ্যাপতি D. ড. দীনেশ চন্দ্র সেন
**Ans C** বিশ্লেষণ রাধা-কৃষ্ণের প্রেমলীলা নিয়ে রচিত বৈষ্ণব পদাবলী এক শ্রেণীর ধর্ম সংগীত বৈষ্ণব পদাবলীর আদি রচয়িতা ছিলেন – বিদ্যাপতি ও বড়ু চণ্ডীদাস।

**09. কোন শব্দ দু'টি 'পদ্ম' শব্দের সমার্থক?**
A. উদক, পয়ঃ B. নলিন, রাজিব C. জায়া, দার D. মিহির, মিত্র
**Ans B** বিশ্লেষণ পদ্ম শব্দের সমার্থক শব্দ হলো – নলিন, রাজিব। আরো কয়েকটি সমার্থক শব্দ হলো – মৃণাল, সরসিজ, সরোজ, ইন্দিরা, কামরস ইত্যাদি।

**10. কোন শব্দযুগলের দু'টি বানানই সঠিক?**
A. সঞ্চয়, বাঞ্ছনীয় B. অঞ্জনা, শুশ্রূষা C. রুপসি, শত্রু D. সাস্থ্য, মুমূর্ষ
**Ans B** বিশ্লেষণ গুরুত্বপূর্ণ কিছু শব্দের বানান – নিরীক্ষণ, অপরাহ্ণ পণয়ন, দুর্জয়, দুরন্ত, বিপণী, ব্যাখ্যাবলি, তথ্যাবলি, রূপায়ন, ব্যাকরণ, পদ্ম ইত্যাদি।

## ইংরেজি

**11. The English —— English.**
A. spoken B. speaks C. speak D. is spoken
**Ans C** বিশ্লেষণ ইংরেজ জাতিরা ইংরেজি ভাষায় কথা বলে। এটার ইংরেজি The English Speak English. জাতি বোঝাতে তার আগে the বসে এবং verb plural form এ হবে।

**12. Find the correctly spelt words.**
A. Beannale B. Beanalle C. Bienalle D. Biennale
**Ans D** বিশ্লেষণ সঠিক বানান হচ্ছে Biennale।

**13. Choose the pair that best expresses the relationship similar to the one expressed by the pair of words in capital letters. SQUARE : CUBE**
A. circle : sphere B. trapezoid : quadrangle
C. addition : subtraction D. triangle : hexagon
**Ans A** বিশ্লেষণ Square অর্থ বর্গক্ষেত্র, Cube অর্থ ঘনক। তেমনি circle অর্থ বৃত্ত এবং sphere অর্থ গোলক।

**14. Which one is a rank of officer in the Army.**
A. Leftenant Colonel B. Lieutelant Colonel
C. Lieutenant Colonel D. Leftanent kornel
**Ans C** বিশ্লেষণ সঠিক বানান হচ্ছে Lieutenant Colonel।

**15. What is the passive form of the sentence 'Choose the correct answer'?**
A. Let us choose the correct answer
B. Correct answer should be chosen
C. Let the correct answer be chosen
D. Choose the answer which one is correct
**Ans C** বিশ্লেষণ Imperative sentence এর Passive voice করতে হলে প্রথমে Let বসাতে হয়। তারপর object + be + v3 বসে।

**16. The exam will start at-**
A. 15 past 9 B. 9 past 15 C. 9 and 15 D. 15 after 9
**Ans B** বিশ্লেষণ প্রশ্নটির বাংলা অর্থ পরীক্ষা শুরু হবে 9 টা বেজে 15 মিনিট। যার ইংরেজি The exam will start at 9 past 15।

**17. You ought —— to the dentist.**
A. to see B. go C. seeing D. to go
**Ans D** বিশ্লেষণ Ought এর পর to বসে এবং তারপর verb এর Base form বসে। See এর পর to বসে না। Go এর পর to বসে।

**18. Please stop —— so many mistakes.**
A. to make B. make C. making D. Makes of
**Ans C** বিশ্লেষণ Stop হলো gerundial verb। অর্থাৎ stop এর পর কোনো verb আসলে সেটির সাথে ing যুক্ত হয়।

**19. Which one is the correct sentence?**
A. The text has been translated incorrectly.
B. The text had translation incorrectly.
C. The text was to translated incorrectly.
D. The text had been translate incorrectly.
**Ans A** বিশ্লেষণ বাক্যটি Passive voice এ হবে। কেননা টেক্সট নিজে নিজে কখনো ট্রান্সলেট হতে পারে না। তাই passive voice এ করতে হবে।

**20. It has been established that**
P: Einstein was Q: although a great scientist
R: weak in arithmetic S: right from his school days
**The proper sequence should be-**
A. SRPQ B. QPRS C. QPSR D. RQPS
**Ans B** বিশ্লেষণ সঠিক সিক্যুয়েন্স হলো QPRS। অর্থাৎ বাক্যটি হলো – এটি প্রতিষ্ঠিত হয়েছে যে, যদিও একজন মহান বিজ্ঞানী, আইনস্টাইন তার স্কুলের দিন থেকেই পাটিগণিতে দূর্বল ছিলেন।

## সাধারণ জ্ঞান

**21. কোনটি ময়মনসিংহ গীতিকা?**
A. শিলাদেবীর পালা B. গুনাইবিবির পালা
C. মধুমালা D. সোজন বাদিয়ার ঘাট
**Ans ×** বিশ্লেষণ ময়মনসিংহ অঞ্চলের প্রাচীন পালাগানের সংকলন ময়মনসিংহ গীতিকা নামে পরিচিত। কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক দীনেশচন্দ্র সেন বৃহত্তর ময়মনসিংহ জেলা থেকে স্থানীয় সংগ্রাহকদের সহায়তার প্রচলিত এ পালাগানগুলো সংগ্রহ ও সম্পাদনা করে মৈমনসিংহ গীতিকা (১৯২৩) নামে গ্রন্থাগারে প্রকাশ করেন। এ গীতিকায় মোট ১০টি পালা রয়েছে। যথা–
মহুয়া, মলুয়া, চন্দ্রাবতী, কমলা, দেওয়ান ভাবনা, দস্যু কেনারামের পালা, রূপবতী, কঙ্ক ও লীলা, কাজল রেখা, দেওয়ানা মদিনা।

**22. ইউজিন ও'নীল কোন দেশের নাট্যকার?**
A. স্পেন B. ইটালি C. আমেরিকা D. জার্মানি
**Ans C** বিশ্লেষণ ইউজিন গ্ল্যাডস্টোন ওনিল ছিলেন একজন মার্কিন নাট্যকার। ১৯৩৬ সালে তিনি সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। তার অধিকাংশ নাটকে বিয়োগান্ত ও ব্যক্তিগত হতাশার চিত্র দেখা যায়।

**23. 'তঞ্চঙ্গা' নৃগোষ্ঠী কোন ধর্মের অনুসারী?**
A. সনাতন B. জৈন C. বৌদ্ধ D. খ্রিস্টান
**Ans C** বিশ্লেষণ তঞ্চঙ্গা পার্বত্য চট্টগ্রামে বসবাসকারী হোরবাদ বৌদ্ধ ধর্ম অনুসারী একটি উপজাতি। উপজাতি জনগোষ্টির জনসংখ্যার দিক দিয়ে এদের স্থান ৫ম। এদের মূল পেশা হচ্ছে জুমচাষ।

**24. কোনটি মাইকেল মধুসূদন দত্ত রচিত নাটক?**
A. নীলদর্পণ B. সাজাহান C. শর্মিষ্ঠা D. কুলিনকুলসর্বস্ব
**Ans C** বিশ্লেষণ বাংলা সাহিত্যে সনেটের প্রবর্তক, অমিত্রাক্ষর ছন্দের জাদুকর মাইকেল মধুসূদন দত্তের নাটকগুলো হলো-শর্মিষ্ঠা (১৮৫৮), পদ্মাবতী (১৮৬০), কৃষ্ণকুমারি (১৮৬১), মায়াকানন (১৮৭৪) প্রভৃতি।

**25. বাংলাদেশের কোন চলচ্চিত্র 'কান উৎসবে' অফিসিয়াল সিলেকশনের মর্যাদা লাভ করে?**
A. মাটির ময়না B. পদ্মা নদীর মাঝি
C. গোলাপী এখন ট্রেনে D. রেহানা মরিয়ম নূর
**Ans D** বিশ্লেষণ ৭৪তম কান চলচ্চিত্র উৎসবে অফিসিয়াল সিলেকশন এর আঁ সার্তেইন রিগার্দ বিভাগে নির্বাচিত হয়েছে নির্মাতা আবদুল্লাহ মোহাম্মদ সাদ'র ছবি। রেহেনা মরিয়ম নূর ছবির প্রধান চরিত্রে অভিনয় করেছেন, আজমেরী হক বাঁধন।

**26. 'মুক্তধারা' কোন নাট্যকারের নাটক?**
A. মাইকেল মধুসূদন দত্ত B. রবীন্দ্রনাথ ঠাকুর
C. গিরিশ চন্দ্র ঘোষ D. দীনবন্ধু মিত্র
**Ans B** বিশ্লেষণ রবীন্দ্রনাথ ছিলেন একজন বিখ্যাত নাট্যকার। নাট্যসাহিত্যেও তিনি একজন কালজয়ী পুরুষ। তার বিখ্যাত একটি নাটক মুক্তধারা। অবশ্য রবীন্দ্রনাথ ঠাকুর শুরুতে এ নাটকের নাম রেখেছিল পথ। পরবর্তীতে তা পথ মুক্তি ও পথ মোচনের পর মুক্তধারা নামকরণ হয়।

**27. 'অরিজিন অব স্পিসিস' কার রচনা?**
A. সিগমুণ্ড ফ্রয়েড B. চার্লস ডারউইন C. প্লেটো D. সক্রেটিস
**Ans B** বিশ্লেষণ অন দি অরিজিন অফ স্পিসিস (ইংরেজিঃ On the Origin of Species) ১৮৫৯ সালের ২৪ শে নভেম্বর লন্ডন থেকে প্রকাশিত একটি বৈজ্ঞানিক গ্রন্থ যার লেখক চার্লস ডারউইন।

**28. কোন ভাস্কর্যটি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অবস্থিত?**

A. সাবাস বাংলা B. সোপার্জিত স্বাধীনতা
C. অপরাজেয় বাংলা D. সংশপ্তক

**Ans D** বিশ্লেষণ সংশপ্তক বাংলাদেশের মুক্তিযুদ্ধের স্মৃতিঅর্পনমূলক ভাস্কর্যগুলোর অন্যতম। এই ভাস্কর্যটি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অবস্থিত। এর স্থপতি হামিদুজ্জামান খান।

**29. কোনটি সর্বাধিক সামঞ্জস্যপূর্ণ?**

A. গডফাদার ও দি ফাদার B. ইলিয়াড ও ওডেসি
C. শকুন্তলা ও চিত্রাঙ্গদা D. টাইটানিক ও কমলা রকেট

**Ans B** বিশ্লেষণ ধ্রুপদি কিংবদন্তি হোমারের মহাকাব্য ইলিয়াস ও ওডেসি। গডফাদার ইংরেজি চলচ্চিত্র ও দি ফাদার বাংলা চলচ্চিত্র। শকুন্তলার লেখক ইশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও চিত্রাঙ্গদা রবীন্দ্রনাথ ঠাকুর। টাইটানিক হলিউড ছবি হলেও কমলা রকেট বাংলা ছবি। তাই সর্বাধিক সাদৃশ্যপূর্ণ ইলিয়াড ও ওডেসি।

**30. কোনটি গ্রিক ট্রাজেডি?**

A. দি অ্যালকেমিস্ট B. আলসেস্টিস
C. রোমিও এন্ড জুলিয়েট D. ডেথ অফ এ সেলসম্যান

**Ans C** বিশ্লেষণ রোমিও এন্ড জুলিয়েট প্রখ্যাত সাহিত্যিক উইলিয়াম শেকসপিয়র রচিত একটি বিয়োগান্তক নাটক। যা গড়ে উঠেছে দুজন প্রেমিক-প্রেমিকাকে কেন্দ্র করে। পরবর্তীকালে তাদের মৃত্যু বিবাদময় দুই পরিবারকে একত্রিত করে।

**31. কোনটি 'ঘন' বাদ্যযন্ত্র?**

A. তানপুরা B. হারমোনিয়াম C. ঢোল D. মন্দিরা

**Ans D** বিশ্লেষণ **কয়েকটি ঘন বাদ্যযন্ত্র:** কাঁসর, কাঁসা, করতাল, মন্দিরা, ঘন্টা, খঞ্জনী ইত্যাদি।

**32. কোনটি সর্বাধিক সামঞ্জস্যপূর্ণ?**

